

AME(RTHD)  
M/s, ১০/১/২০১৮.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
কার্যক্রম ও এডিপি শাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)


নং-৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৭.১৮-৫১১

তারিখ: ১৬-০৯-২০১৮

বিষয়ঃ “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পৌচ্ছর-ভাঙা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নয়ন প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ” শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত অভ্যন্তরীণ যাচাই কমিটি সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ০৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখে “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পৌচ্ছর-ভাঙা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নয়ন প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ” শীর্ষক প্রকল্পের উপর অভ্যন্তরীণ যাচাই কমিটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

  
(তওহীদ আহমদ সজল)  
সিনিয়র সহকারী প্রধান  
ফোন-৯৮৫১৪২৬৬  
E-mail: sajalpol@gmail.com

বিতরণ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ২। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৩-৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন/বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা জোন, ঢাকা
- ৬। অতিরিক্ত প্রধান প্রকৌশল (পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ),
- ৭। ইঞ্জিনিয়ার ইন চীফ (ই ইন সি), বাংলাদেশ সেনাবাহিনী
- ৮। মহা পরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কন্ট্রাকশন বিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬-৭। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
কার্যক্রম ও এডিপিশাখা

**বিষয়ঃ “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পৌচ্ছর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নয়ন প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ” শীর্ষক নতুন বিনিয়োগ প্রকল্পের অভ্যন্তরীণ যাচাই কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি	: মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ	: ০৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ
সময়	: দুপুর ১২:৪৫
সভার উপস্থিতি	: পরিশিষ্ট-ক

## ২. উপস্থাপনা:

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, নির্মাণাধীন পদ্মা সেতুর লিংক প্রকল্প এবং সরকারের অন্যতম একটি ফাস্ট ট্র্যাক প্রকল্প হিসেবে “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পৌচ্ছর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪ লেনে উন্নয়ন” শীর্ষক প্রকল্পটি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় ৬২৫২৮৮.৬৪ লক্ষ টাকা প্রাকলিত ব্যয়ে মে ২০১৬ হতে এপ্রিল ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। ৪ লেন বিশিষ্ট ৫৫ কি.মি. দৈর্ঘ্যের সড়কটি যাত্রাবাড়ী হতে মাওয়া ৩৫ কি.মি. এবং পৌচ্ছর হতে ভাংগা ২০ কি.মি. এই ২ টি প্যাকেজে বিভক্ত। এছাড়া সড়কটির উভয়পার্শে রয়েছে ৫.৫ মি. (উভয়মুখী) প্রস্তরের সার্টিস রোড এবং মাঝে রয়েছে ৫ মি. প্রস্তরের মিডিয়ান। প্রকল্পটির আওতায় ২৯ টি সেতু (৪টি বড় সেতু ১০০ মিটারের অধিক দৈর্ঘ্যের) এবং ২৫ টি ছোট সেতু ১০০ মিটারের কম দৈর্ঘ্যে), ৫৪ টি কালভার্ট, ০৪ টি রেলওয়ে ওভারপাস, ০৫ টি ফ্লাইওভার, ২০ টি আভারপাস, ২টি ইন্টারচেঞ্জ (ক্লোভারলিফ ও ট্রামপেট), ০২টি টোল প্লাজাসহ আনুসংজ্ঞিক অন্যান্য পূর্তকাজ বাস্তবায়ন করা হচ্ছে। জুন ২০১৮ পর্যন্ত প্রকল্পটির ক্রমপূর্ণিত আর্থিক অগ্রগতির পরিমাণ ৯১.০৩%।

কাজের পরিধি ও পরিমাণ বৃদ্ধি, মূল্য বৃদ্ধি ইত্যাদি কারণে “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পৌচ্ছর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪ লেনে উন্নয়ন” শীর্ষক প্রকল্পটি ইতোপূর্বে ১০০৮৪.৪৬২১ কোটি টাকা প্রাকলিত ব্যয়ে মেয়াদকাল অপরিবর্তিত রেখে সংশোধনের প্রস্তাব করা হলে সংশোধিত প্রকল্পটি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। গত ০৬ এপ্রিল ২০১৮ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত পিইসি সভায় প্রকল্পটির প্রথম সংশোধন অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। সুপারিশের আলোকে ১০৯৯৯৯৩.৪৬ লক্ষ ব্যয়ে ? ডিপিপি পুনর্গঠন করে অনুমোদনের নিমিত্ত পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। গত ১৯ আগস্ট ২০১৮ তারিখে পরিকল্পনা কমিশন হতে প্রেরিত পত্রে প্রকল্পটির বিভিন্ন কার্যক্রম সর্বশেষ অনুমোদিত ডিপিপিতে যেভাবে আছে সেভাবে সম্পূর্ণ করে নতুন অঙ্গ/কাজের জন্য আলাদা ভাবে ডিপিপি প্রণয়ন করে প্রেরণের জন্য নির্দেশনা/পরামর্শ দেয়া হয়।

পরিকল্পনা কমিশনের নির্দেশনার প্রেক্ষিতে “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পৌচ্ছর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪ লেনে উন্নয়ন” প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণের লক্ষ্যে বিবেচ্য প্রকল্পটি ৪১১১৮৫.৫৪ লক্ষ টাকা প্রাকলিত ব্যয়ে সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের নিমিত্ত প্রস্তাব করা হয়েছে। তদপ্রেক্ষিতে প্রণীত ডিপিপি’র উপর অভ্যন্তরীণ যাচাই কমিটি’র সভা আহ্বান করা হয়েছে।

## ৩. আলোচনা:

৩.১ সভায় সড়ক ও জনপথ অধিদপ্তর এবং বাংলাদেশ সেনাবাহিনী’র ২৪ ইঞ্জিনিয়ারিং কনস্ট্রাকশন বিগেড এর প্রতিনিধিগণ সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা কমিশনের ১৯-০৮-২০১৮ তারিখের পত্রের প্রেক্ষিতে গত ০৯-০৯-২০১৮ তারিখে “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পৌচ্ছর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নয়ন” শীর্ষক চলমান প্রকল্পের উপর প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভা অনুষ্ঠিত হয়। সভায় আরো জানানো হয় যে, পরিকল্পনা কমিশনের প্রদত্ত নির্দেশনা/পরামর্শ মোতাবেক সরকারের গুরুত্বপূর্ণ চলমান এ প্রকল্পের নির্ধারিত কার্যক্রম সমাপ্তির লক্ষ্যে প্রকল্পের সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ এবং এ প্রকল্পের অসমাপ্ত কার্যক্রম সমাপ্তকরণের লক্ষ্যে প্রস্তাবিত নতুন প্রকল্পের ডিপিপি প্রক্রিয়াকরণগুরুক পরিকল্পনা কমিশনে প্রেরণের সুপারিশ করা হয়।


৩.২ বর্ণিত প্রেক্ষাপটে জাতীয় গুরুত বিবেচনায় “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নয়ন প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ” শীর্ষক প্রস্তাবিত নতুন প্রকল্পের বিষয়ে উল্লেখ করা হয় যে, প্রকল্পটি মূলতও নির্মাণাদীন পদ্মা সেতুর মহাসড়ক লিংক প্রকল্প। এ প্রকল্পটি অত্যন্ত গুরুতসহ গ্রহণ করেছে এবং নির্ভুল কাজ করে জুন ২০১৯ এর মধ্যে সমাপ্ত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের নির্দেশনা অনুযায়ী ডিপিপি প্রয়োগ করা হয়েছে। নতুন প্রগতি এ প্রকল্পের অঙ্গভিত্তিক কার্যক্রম ও আনুষাঙ্গিক বিষয়াদির উপর বাংলাদেশ সেনাবাহিনী’র ২৪ ইঞ্জিনিয়ারিং কনস্ট্রাকশন বিগেড কর্তৃক একটি পাওয়ার পয়েন্ট প্রজেক্টেশন দেয়া হয়। প্রতিটি অঙ্গের চাহিদা ও প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। পদ্মা সেতুর নির্মাণের সাথে সামঞ্জস্য রেখে এ প্রকল্পটির বাস্তবায়ন সম্পন্ন করার বিষয়ে সরকারের নির্দেশনা রয়েছে।

৩.৩ সভায় প্রকল্পের প্রস্তাবিত অঙ্গসমূহ ও অঙ্গের প্রাক্কলিত ব্যয় এবং অন্যান্য বিষয়াদি ইতোপূর্বে মূল সংশোধিত ডিপিপি'তে যেভাবে প্রস্তাব করা হয়েছিল সেভাবে নতুন প্রকল্পে প্রস্তাব করা হয়েছে। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনাতে প্রকল্পটি অনুমোদনের নিমিত্ত সুপারিশপূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণের বিষয়ে একমত পোষণ করা হয়।

#### ৪. সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনাতে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সুপারিশ/সিদ্ধান্ত গৃহীত হয়

পরিকল্পনা কমিশনের নির্দেশনা/পরামর্শের প্রেক্ষিতে মোট ৪১১১৮৫.৫৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নয়ন প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ” শীর্ষক প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(মোঃ নজরুল ইসলাম)

সচিব  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ